গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৭.৩১.৩৩৩.২০২১(অংশ-৪).১৯৬৮ তারিখ: ১০/১১/২০২৫ খ্রি.

**বিষয়: ২০২৬ শিক্ষাবর্ষে সারাদেশের সকল সরকারি মাধ্যমিক স্কুল ও স্কুল এন্ড কলেজ এবং মহানগরী, জেলার সদর উপজেলা ও অন্যান্য উপজেলা সদরে অবস্থিত বেসরকারি স্কুল, স্কুল এন্ড কলেজ (মাধ্যমিক, নিম্ন মাধ্যমিক ও সংযুক্ত প্রাথমিক স্তর) এ ১ম শ্রেণি থেকে ৯ম শ্রেণিতে শিক্ষার্থী ভর্তি সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৬ শিক্ষাবর্ষে সারাদেশের সকল সরকারি মাধ্যমিক স্কুল ও স্কুল এন্ড কলেজ এবং মহানগরী, জেলার সদর উপজেলা এবং অন্যান্য উপজেলা সদরে অবস্থিত বেসরকারি স্কুল, স্কুল এন্ড কলেজ (মাধ্যমিক, নিম্ন মাধ্যমিক ও সংযুক্ত প্রাথমিক স্তর) এ ১ম শ্রেণি থেকে ৯ম শ্রেণিতে শিক্ষার্থী **ভর্তি** প্রক্রিয়া সম্পন্ন করা হবে। উক্ত ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করার লক্ষ্যে আপনার প্রতিষ্ঠানের **শূন্য আসনসহ অন্যান্য তথ্যাদি আগামী ১২/১১/২০২৫ হতে ১৯/১১/২০২৫** খ্রিষ্টাব্দের মধ্যে টেলিটক বাংলাদেশ লিমিটেড এর লিংক **gsa.teletalk.com.bd** এ প্রবেশ করে টেলিটক কর্তৃক প্রদত্ত ইউজার আইডি ও পাসওয়ার্ড দিয়ে প্রদান করতে হবে। তথ্য প্রদানের ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়গুলি আবশ্যিকভাবে অনুসরণ করতে হবে।

- শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত সর্বশেষ ভর্তি নীতিমালা অনুসরণপূর্বক রেজিস্ট্রেশন ফরমে চাহিত তথ্যাদি প্রদান করতে হবে;
- কোন শ্রেণি/শাখার বিপরীতে শিক্ষার্থীর চাহিদা সংখ্যা কোনভাবেই ৫৫ (পঞ্চান্ন) জনের বেশি প্রদান করা যাবে না;
- অনলাইন তথ্য ফরমে ঢাকা মহানগরীর প্রতিষ্ঠান প্রধানগণ প্রতিষ্ঠান সংলগ্ন সর্বোচ্চ ০৩টি থানাকে (পুলিশ স্টেশন) ক্যাচমেন্ট এরিয়া হিসেবে নির্ধারণ করবেন;
- অনলাইন তথ্য ফরমের ব্যাংক সংক্রান্ত তথ্যে অবশ্যই প্রত্যেক প্রতিষ্ঠান প্রধানগণ অনলাইন ব্যাংক হিসাব নম্বর ও রাউটিং নম্বর প্রদান করবেন। কোন প্রকার এনালগ নম্বর প্রদান করা যাবে না;
- রেজিস্ট্রেশন ফরম পূরণের সময় কোন প্রকার ভুল তথ্য প্রদান করা হলে এবং এ বিষয়ে পরবর্তীতে কোন জটিলতা তৈরি হলে তথ্য প্রদানকারী প্রতিষ্ঠান প্রধান ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।

এমতাবস্থায়, ২০২৬ শিক্ষাবর্ষের ভর্তি প্রক্রিয়া স্বচ্ছতার সাথে সম্পন্ন করার লক্ষ্যে নির্ধারিত তারিখের মধ্যে সকল সম্মানিত প্রতিষ্ঠান প্রধানকে রেজিস্ট্রেশন ফরম পূরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

10.11.25

**(প্রফেসর ড. খান মইনুদ্দিন আল মাহমুদ সোহেল)**
পরিচালক (মাধ্যমিক)
☎ ৪১০৫০২৮৫

**বিতরণ:**

১। অধ্যক্ষ/প্রধান শিক্ষক
সরকারি মাধ্যমিক বিদ্যালয় ও সরকারি স্কুল এন্ড কলেজ (সকল);

২। অধ্যক্ষ/প্রধান শিক্ষক
মহানগরী, জেলার সদর উপজেলা এবং অন্যান্য উপজেলা সদরে অবস্থিত
বেসরকারি স্কুল, স্কুল এন্ড কলেজ (মাধ্যমিক, নিম্ন মাধ্যমিক ও সংযুক্ত প্রাথমিক স্তর);

**অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়;
০২। জেলা প্রশাসক (সকল);
০৩। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল);
০৪। ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড [প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
০৫। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল);
[আওতাধীন প্রতিষ্ঠানসমূহে রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্নকরণের অনুরোধসহ]
০৬। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, ইএমআইএস সেল, মাউশি অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
[পত্রটি মাউশি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
০৭। জেলা শিক্ষা অফিসার (সকল); [আওতাধীন প্রতিষ্ঠানসমূহে রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্নকরণের অনুরোধসহ]
০৮। উপজেলা নির্বাহী অফিসার (সকল);
০৯। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল);
[আওতাধীন প্রতিষ্ঠানসমূহে রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্নকরণের অনুরোধসহ]
১০। পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
১১। সংরক্ষণ নথি।